বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

সরকারিভাবে শূন্য অভিবাসন ব্যয়ে মালয়েশিয়ায় দক্ষ কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর: ৪৯.০২.০০০০.০০০.০০০.৯৯.০০০৯.২৬/৩১৫৫ তারিখ: ০৫.১১.২০২৬

বোয়েসেল-এর মাধ্যমে মালয়েশিয়ার **DHL SUPPLY CHAIN (MALAYSIA) SDN. BHD.** কোম্পানি-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগ করা হবে:

ক্র.নং	পদের নাম	সংখ্যা	মাসিক মূল বেতন	আবেদনের লিংক
১.	অপারেশনস অ্যাসিস্ট্যান্ট (Operations Assistant)	১১২ জন	১৭০০ আরএম	https://employee.oep.gov.bd/employee/registration
২.	টেকনিক্যাল স্কিল ওয়ার্কার্স (Technical Skill Workers)		১৭০০ আরএম	

১। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: অপারেশনস অ্যাসিস্ট্যান্ট (Operations Assistant)

১. ন্যূনতম মাধ্যমিক (SSC)/সমমান পাশ হতে হবে। তবে বৃত্তিমূলক বা উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
২. অবশ্যই ইংরেজিতে পড়তে, লিখতে এবং যোগাযোগ করতে সক্ষম হতে হবে।
৩. মাইক্রোসফট এক্সেলসহ আবশ্যিকভাবে মৌলিক কম্পিউটারের জ্ঞান থাকতে হবে।
৪. আবশ্যিকভাবে গাণিতিক দক্ষতা থাকতে হবে।
৫. অর্পিত দায়িত্ব তত্ত্বাবধান করার ন্যূনতম সক্ষমতা থাকতে হবে।
৬. সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে সঠিক বিচারবুদ্ধি প্রয়োগের সক্ষমতা থাকতে হবে।
৭. প্রার্থীকে অবশ্যই নমনীয় ও প্রত্যক্ষ তত্ত্বাবধান ছাড়া কার্যকরভাবে কাজ সম্পন্ন করার সক্ষমতা থাকতে হবে।
৮. প্রার্থীকে বহুজাতিক সংস্কৃতি ও কর্মপরিবেশে কাজ করতে সক্ষম হতে হবে।
৯. প্রয়োজনের নিরিখে কাজকে অগ্রাধিকার নির্ধারনে সক্ষম হতে হবে।
১০. ফর্কলিফ্ট (Forklift), পাওয়ার প্যালেট ট্রাক (Power pallet truck) এবং রিচ ট্রাক (Reach truck) পরিচালনা ও ব্যবহারে সক্ষমতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।
১১. ইংরেজিতে লিখিত ও মৌখিক নির্দেশাবলী অনুসরণ করতে দক্ষতার সাথে Multi Tasking-এ কাজ সম্পাদন করাসহ সক্ষম হতে হবে।
১২. প্রার্থীকে ওয়্যারহাউসে কাজ করার মতো শারীরিক সক্ষমতা থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ০১ থেকে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

২। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: টেকনিক্যাল স্কিল ওয়ার্কার্স (Technical Skill Workers)

১. ন্যূনতম এইচএসসি/সমমান পাশ হতে হবে। তবে ইলেকট্রিক্যাল ব্যাকগ্রাউন্ডসহ ভোকেশনাল/পলিটেকনিক/ স্নাতক ডিগ্রীধারীদেরকে বিশেষ গুরুত্ব দেয়া হবে।
২. ওয়্যারহাউজের নেটওয়ার্ক ক্যাবলিংসহ র‍্যাকিং এবং আইটি ইকুইপমেন্ট (IT Equipment) সম্পর্কে ভালো ধারণা থাকতে হবে।
৩. কম্পিউটার জ্ঞানসম্পন্ন এবং Microsoft Excel-এর কাজে পারদর্শিতা সম্পূর্ণ বাধ্যতামূলক।
৪. ইংরেজিতে কথা বলা ও লেখার দক্ষতা থাকতে হবে এবং Standard Operating Procedure (SOP) পড়ে বোঝার ক্ষমতা থাকতে হবে।

চাকরির শর্তাবলি:

১। প্রার্থীদের বয়স ২২-৩৫ বছরের মধ্যে হতে হবে;
২। কর্মঘন্টা দৈনিক ০৮ (আট) ঘণ্টা, সপ্তাহে ০৬ (ছয়) দিন;
৩। চাকরির চুক্তি ০৩ (তিন) বছর ও নবায়নযোগ্য;
৪। ওভারটাইম কোম্পানির প্রয়োজনীয়তা ও মালয়েশিয়ার শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য;
৫। নিয়োগকর্তা কর্তৃক থাকা, প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াতের ব্যবস্থা করা হবে;
৬। পাসপোর্টের মেয়াদ ন্যূনতম ১৮ মাস থেকে ২৪ মাস থাকতে হবে;
৭। বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকলে বিশেষ যোগ্যতা হিসেবে গণ্য হবে;
৮। সংশ্লিষ্ট কাজে দেশে বা দেশের বাহিরে অভিজ্ঞতা থাকলে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
৯। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্রসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

অন্যান্য শর্তাবলী:

১। আগ্রহী প্রার্থীদের পাসপোর্ট নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর নির্ধারিত অনলাইন আবেদন লিংক-এ আগামী **০৬ নভেম্বর, ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ০৮ নভেম্বর, ২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টার** মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো;
২। অনলাইনে আবেদন, চাকরির ইন্টারভিউ এবং চূড়ান্ত নির্বাচন কোনো প্রার্থীর চাকরির নিশ্চয়তা বহন করে না এবং কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

১. ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাকগ্রাউন্ড সাদা)।
২. একাধিক পাসপোর্ট থাকলে সকল পাসপোর্টসহ এক সেট রঙিন ফটোকপি।
৩. শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্রসমূহ।
৪. জাতীয় পরিচয়পত্র (NID)।
৫. হালনাগাদ জীবনবৃত্তান্ত (CV), যেখানে প্রার্থীর কম্পিউটার লিটারেসি (বিশেষ করে MS Excel), গাণিতিক দক্ষতা, ড্রাইভিং লাইসেন্স স্ট্যাটাস এবং পূর্বের কোনো ওভারসিজ বা ওয়্যারহাউস অভিজ্ঞতা থাকলে তা স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

বি:দ্র: ১. একজন প্রার্থী শুধুমাত্র ১ টি পদে আবেদন করতে পারবে।
২. প্রাথমিকভাবে ৩০০ (তিনশত) জন প্রার্থীকে সফটওয়্যার বেইজড লটারীর মাধ্যমে বাছাই করা হবে। বাছাইকৃত প্রার্থীদের তালিকা বোয়েসেল-এর অফিসিয়াল Website-এ প্রকাশ করা হবে। পরবর্তীতে কোম্পানির প্রতিনিধি কর্তৃক টেকনিক্যাল ও মৌখিক পরীক্ষার মাধ্যমে বর্ণিত পদসমূহের জন্য ১১২ (একশত বারো) জন প্রার্থীকে নির্বাচন করা হবে।

কর্মী নিয়োগ ও নির্বাচন পরীক্ষা নিয়োগকর্তা বা তার প্রতিনিধি কর্তৃক সম্পন্ন করা হয়। কর্মী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগকর্তার সিদ্ধান্তই চূড়ান্ত।

নির্বাচিত কর্মীকে কোন পর্যায়ে কোন অর্থ ব্যয় করতে হবে না, বিধায় এ সংক্রান্ত কোনো প্রকার অর্থ লেনদেন হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

বোয়েসেল কর্তৃপক্ষ

অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

ISO 9001: 2015